

💵 মুয়াতা মালিক

হাদিস নাম্বারঃ ৫০৯

১৬. জানাইয (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১. মৃতের গোসল

بَابِ غُسْلِ الْمَيِّتِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك أَنَّهُ سَمِعَ أَهْلَ الْعِلْمِ يَقُولُونَ إِذَا مَاتَتْ الْمَرْأَةُ وَلَيْسَ مَعَهَا نِسَاءٌ يُغَسِّلْنَهَا وَلَا مَنْ ذَوِي الْمَحْرَمِ أَحَدٌ يَلِي ذَلِكَ مِنْهَا وَلَا زَوْجٌ يَلِي ذَلِكَ مِنْهَا يُمِّمَتْ فَمُسِحَ يُغَسِّلْنَهَا وَلَا مِنْ ذَوِي الْمَحْرَمِ أَحَدٌ يَلِي ذَلِكَ مِنْهَا وَلَا زَوْجٌ يَلِي ذَلِكَ مِنْهَا يُمِّمَتْ فَمُسِحَ بِوَجْهِهَا وَكَفَّيْهَا مِنْ الصَّعِيدِ قَالَ مَالِك وَإِذَا هَلَكَ الرَّجُلُ وَلَيْسَ مَعَهُ أَحَدٌ إِلَّا نِسَاءٌ يَمَّمْنَهُ أَيْصًا قَالَ مَالِك وَإِذَا هَلَكَ الرَّجُلُ وَلَيْسَ مَعَهُ أَحَدٌ إِلَّا نِسَاءٌ يَمَّمْنَهُ أَيْضًا قَالَ مَالِك وَلَيْسَ لِغُسْلِ الْمَيِّتِ عِنْدَنَا شَيْءٌ مَوْصُوفٌ وَلَيْسَ لِذَلِكَ صِفَةٌ مَعْلُومَةٌ وَلَكِنْ يُغَسَّلُ فَيُطَهَّرُ

বাংলা

রেওয়ায়ত ৪. মালিক (রহঃ) বলেনঃ তিনি আহলে ইলমকে বলিতে শুনিয়াছেন, কোন স্ত্রীলোকের মৃত্যু হইলে এবং সেই স্ত্রীলোকের সাথে তাহাকে গোসল দিতে পারে এইরূপ কোন মেয়েলোক যদি না থাকে এবং কোন মাহরাম[1] আত্মীয়ও না থাকে সে সেই স্ত্রীলোকের দায়িত্ব গ্রহণ করিতে পারে অথবা স্বামীও নাই যে তাহার গোসলের দায়িত্ব নিতে পারে—এইরূপ অবস্থার সম্মুখীন হইলে তবে সেই স্ত্রীলোককে তায়াম্মুম করানো হইবে; পবিত্র মাটি দ্বারা তাহার মুখমণ্ডল ও হস্তদ্বয়কে মসেহ করিয়া দেওয়া হইবে।

মালিক (রহঃ) বলেন, কোন পুরুষ লোকের মৃত্যু হইলে তাহার নিকট বেগানা কোন স্ত্রীলোক ব্যতীত অন্য কেউ না থাকিলে স্ত্রীলোকেরা তাহাকে অনুরূপ তায়াম্মুম করাইবে।মালিক (রহঃ) বলিয়াছেনঃ মৃত লোকের গোসলের ব্যাপারে আমাদের নিকট কোন নির্দিষ্ট সীমা ও সংজ্ঞা নাই, অবশ্য গোসল দেওয়াইতে হইবে, আর তাহারাত করাইতে হইবে।

English

Yahya related to me from Malik that he had heard people of knowledge say, "When a woman dies and there are no women with her to wash her and no man who has the right by blood ties to take charge of that for her and no



husband to take charge of it for her, she should be purified by tayammum ,that is, by wiping her face and hands with earth."

Malik said, "When a man dies and there are only women with him, they also should purify him with earth ."

Malik said, "There is no particular way with us for washing the dead nor any recognised way to do it. They are just washed and purified."

ফুটনোট

[1] মাহরাম- যে সকল আত্মীয়ের সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া হারাম।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু আনাস (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন